উপসচিব (প্রশা)
১৭-০৬-২৬

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ
উন্নয়ন শাখা
সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২
www.bridgesdivision.gov.bd

স্মারক নং ৫০.০০.০০০০.৩০১.১৪.০৪৮.২০-১৩৬

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ১০ জুন ২০২৬

**'পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ (১ম সংশোধিত) প্রকল্প' পরিদর্শন প্রতিবেদন**

| ক্রম | বিষয় | বিবরণ |
|---|---|---|
| ১. | **পরিদর্শনের তারিখ** | ২১ মে ২০২৬; বৃহস্পতিবার |
| ২. | **পরিদর্শনের স্থান** | মুন্সীগঞ্জ সদর উপজেলা, মুন্সীগঞ্জ এবং নারায়ণগঞ্জ সদর উপজেলা, নারায়ণগঞ্জ |
| ৩. | **পরিদর্শনের উদ্দেশ্য** | পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ (১ম সংশোধিত) প্রকল্পের চলমান কাজের অগ্রগতি পরিদর্শন |
| ৪. | **পরিদর্শনকারী কর্মকর্তাগণ** | প্রকল্প মনিটরিং টিমের সদস্যবৃন্দ :<br>জনাব মাহমুদ ইবনে কাসেম, যুগ্মসচিব (উন্নয়ন), সেতু বিভাগ, আহ্বায়ক<br>মিজ নাজনীন সুলতানা, অতিরিক্ত পরিচালক (মনিটরিং এ্যান্ড ইভ্যালুয়েশন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ<br>জনাব মোঃ নূর ইয়াসিন, উপপরিচালক (পিএ্যান্ডডি), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ<br>মিজ মোসাঃ তাসলিমা খাতুন, সহকারী প্রকৌশলী (সেতু), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ |
| ৫. | **পরিদর্শনকালে উপস্থিত অন্যান্য কর্মকর্তাগণ** | পরিদর্শনকালে পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোঃ ওহিদুজ্জামান, সহকারী প্রকৌশলী জনাব মোঃ আসাদুজ্জামান, পরামর্শক প্রতিষ্ঠানের ডেপুটি টিম লিডার জনাব মোঃ জহরুল হক ও ঠিকাদারি প্রতিষ্ঠান Shangdong Luqiao Group Co. Ltd. and China Shangdong International Economic & Technical Cooperation Ltd. এর প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। |
| ৬. | **ঠিকাদার প্রতিষ্ঠান** | Shangdong Luqiao Group Co. Ltd. (SDLQ) with JV China Shangdong International Economic and Technical Cooperation Group Ltd. (CSI).<br><br>Mr. Yang Haibo, Acting Project Manager |
| ৭. | **পরামর্শক প্রতিষ্ঠান** | Kunhwa Engineering & Consulting Co. Ltd. (KUNHWA) South Korea in Association with GEM Consultants Ltd. and Vernacular Consultants Ltd. as Sub-Consultants.<br><br>Mr. Cho, Churl Hee, Team Leader |

CamScanner

| | | |
|---|---|---|
| ৮. | পরিদর্শনকালে প্রাপ্ত তথ্যাদি ও পর্যবেক্ষণ | প্রকল্প এলাকা পরিদর্শনকালে প্রাপ্ত তথ্যাদি ও পর্যবেক্ষণ নিম্নরূপঃ<br><br>▪ পরিদর্শনের শুরুতে পঞ্চবটি এলাকায় নির্মাণাধীন এলিভেটেড সড়ক এবং পঞ্চবটি ট্রাম্পেট ইন্টারচেঞ্জের চলমান নির্মাণ কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়।<br><br>▪ পরিদর্শনকালে পঞ্চবটি এলাকায় Ramp-C এর সম্মুখভাগে গভীর Excavation খোলা অবস্থায় পরিলক্ষিত হয়, যার পাশ দিয়ে যানবাহন ঝুঁকিপূর্ণভাবে চলাচল করছে। উক্ত স্থানে পর্যাপ্ত Safety Barrier, Barricade ও Warning Signage না থাকায় তা জননিরাপত্তার জন্য ঝুঁকিপূর্ণ হিসেবে প্রতীয়মান হয়। এ বিষয়ে উপস্থিত সংশ্লিষ্ট প্রতিনিধিদের প্রয়োজনীয় Risk Mitigation ব্যবস্থা গ্রহণ এবং দ্রুত নির্মাণকাজ সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়।<br><br>▪ পরিদর্শনকালে অবহিত করা হয় যে, নারায়ণগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয় হতে জমি/অবকাঠামো হস্তান্তর করা হলেও Pier-34 এলাকায় জমির মালিকানা সংক্রান্ত জটিলতায় ক্ষতিপূরণ না পাওয়ায় জমির মালিক কর্তৃক পুনঃপুন বাধা প্রদানের কারণে ঠিকাদারি প্রতিষ্ঠান Utility Duct ও RCC Drain নির্মাণ কাজ সম্পন্ন করতে পারছে না। এর ফলে উক্ত স্থানে জলাবদ্ধতা সৃষ্টি হচ্ছে এবং যানবাহনের স্বাভাবিক চলাচল ব্যাহত হচ্ছে। এ বিষয়ে জেলা প্রশাসন, নারায়ণগঞ্জের সহায়তা গ্রহণপূর্বক দ্রুত কাজ সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া কাশিপুর এলাকায় নির্মাণাধীন Elevated Toll Plaza এর কার্যক্রমও সরেজমিনে পরিদর্শন করা হয়।<br><br>▪ পরিদর্শনকালে কিছু স্থানে প্রয়োজনীয় Safety Barrier, Traffic Cone, Reflective Barricade, Warning Light ও সতর্কতামূলক সাইনবোর্ড এর ঘাটতি পরিলক্ষিত হয়। নির্মাণাধীন এলাকায় শ্রমিক, যানবাহন ও জনসাধারণের নিরাপত্তা নিশ্চিতকল্পে চুক্তি ও Specification অনুযায়ী প্রয়োজনীয় Safety Measures নিশ্চিতকরণ এবং নিয়মিত Safety Meeting আয়োজনের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়।<br><br>▪ প্রকল্প পরিচালক অবহিত করেন, এপ্রিল ২০২৬ পর্যন্ত প্রকল্পের সার্বিক ভৌত অগ্রগতি ৯২.২৬% অর্জিত হয়েছে। দোতলা সড়কের Pile, Pile Cap, Pier Column, Pier Cap, Cross Girder ও PCI Girder Erection এর কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। এছাড়া Deck Slab Construction এর উল্লেখযোগ্য অগ্রগতি অর্জিত হয়েছে। At-grade Road, Utility Duct Installation এবং Drainage Pipe Installation কাজও চলমান রয়েছে। তবে Noise Barrier, Solar Street Light, Wearing Course, Expansion Joint, Footpath, Road Sign & Marking, Toll Plaza এবং Toll Collection System সংক্রান্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজ এখনও অসম্পন্ন রয়েছে। |
| ৯. | সুপারিশ | ১। প্রকল্পের অবশিষ্ট কাজসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে বাস্তবভিত্তিক ও সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক কার্যকর মনিটরিং জোরদার করতে হবে;<br><br>২। Utility Relocation, RCC Drain, Utility Duct, Footpath, Wearing Course, Noise Barrier, Expansion Joint, Toll Plaza ও অন্যান্য অবশিষ্ট কাজ দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় জনবল, যন্ত্রপাতি ও উপকরণ বৃদ্ধি করতে হবে;<br><br>৩। Pier-34 এলাকায় ভূমি সংক্রান্ত জটিলতা নিরসনের লক্ষ্যে জেলা প্রশাসন, নারায়ণগঞ্জের সহায়তায় দ্রুত সমস্যা সমাধানপূর্বক নির্মাণকাজ সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br><br>৪। প্রকল্প এলাকায় জনসাধারণ ও যানবাহনের নিরাপদ চলাচল নিশ্চিতকল্পে কার্যকর Traffic Management ব্যবস্থা গ্রহণ, বিকল্প চলাচল পথ নিশ্চিতকরণ এবং নির্মাণসামগ্রী যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;<br><br>৫। বায়ু দূষণ নিয়ন্ত্রণ ও পরিবেশগত ঝুঁকি হ্রাসের লক্ষ্যে প্রকল্প এলাকায় নিয়মিত পরিবেশ ব্যবস্থাপনা কার্যক্রম জোরদার করতে হবে; |

CamScanner

| | | |
|---|---|---|
| | | ৬। নির্মাণাধীন এলাকায় চুক্তি ও Specification অনুযায়ী পর্যাপ্ত Safety Barrier, Barricade, Reflective Traffic Cone, Warning Light, Caution Sign ও Traffic Signage স্থাপন নিশ্চিত করতে হবে; <br><br> ৭। শ্রমিক, যানবাহন ও জনসাধারণের নিরাপত্তা নিশ্চিতকল্পে নিয়মিত Safety Meeting আয়োজন, Risk Assessment পরিচালনা এবং প্রয়োজনীয় Safety Compliance কঠোরভাবে অনুসরণ করতে হবে; <br><br> ৮। প্রকল্পের অবশিষ্ট ভৌত কাজসমূহ দ্রুত সম্পন্ন এবং সার্বিক অগ্রগতি ত্বরান্বিত করার লক্ষ্যে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, পরামর্শক প্রতিষ্ঠান ও ঠিকাদারি প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয় জোরদার করতে হবে; |

২০-০৫-২০২৫

(মাহমুদ ইবনে কাসেম)
যুগ্মসচিব (উন্নয়ন), সেতু বিভাগ
ও আহ্বায়ক
প্রকল্প মনিটরিং টিম

সচিব
সেতু বিভাগ
বনানী, ঢাকা

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলো:</u>

১। নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
২। প্রকল্প পরিচালক, পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ প্রকল্প (১ম সংশোধিত)
৩। নাজনীন সুলতানা, অতিরিক্ত পরিচালক (মনিটরিং এ্যান্ড ইভ্যালুয়েশন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
৪। সচিবের একান্ত সচিব, সেতু বিভাগ ( সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫। মোঃ নূর ইয়াসিন, উপপরিচালক (পিএ্যান্ডডি), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
৬। মোসাঃ তাসলিমা খাতুন, সহকারী প্রকৌশলী (সেতু), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

CamScanner